



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/

০৭/৬/

তারিখ: ২৭.০১.২০২০ খ্রি.

বিষয়: সভাপতি পদে মনোনয়ন বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অপব্যাখ্যা করার সতর্কীকরণ প্রসঙ্গে

সূত্র:

- ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৩২৮১৮১১৫২৫৪১/১১৬৮৩/নথি নং-১১৩; তারিখ: ২৬/০৮/২০১৮ খ্রি.
- ২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/২১৯২/৩; তারিখ: ০২/১০/২০১৮ খ্রি.
- ৩) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/২২২৯/৫; তারিখ: ১২/১২/২০১৮ খ্রি.
- ৪) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/২২৫৪/৫; তারিখ: ১২/০৩/২০১৯ খ্রি.
- ৫) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/২২৬৫/৫; তারিখ: ০৯/০৪/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলাধীন সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ১ নং স্মারকে জনাব মো: জাহাঙ্গীর হোসাইনকে সভাপতি মনোনয়নসহ গভার্ণিং বডির অনুমোদন দেওয়া হয়। উক্ত কমিটির সভাপতি মনোনয়নের বিরুদ্ধে জনৈক মো: শাহজাহান আলী মাতব্বর মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১১৪৯৪/২০১৮ দায়ের করেন। রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক সভাপতি পদে মনোনয়ন স্থগিতাদেশ জারি করায় অত্র বোর্ড মহামান্য হাইকোর্ট এর আদেশ বাস্তবায়নের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে সভাপতি পদটি স্থগিত করে পত্র প্রেরণ করে।

পরবর্তীতে মহামান্য হাইকোর্টের উল্লিখিত স্থগিতাদেশের বিরুদ্ধে বাদীপক্ষ কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগে সিপি নং ৪০৮৩/২০১৮ দায়ের করা হলে শুনানীঅন্তে মাননীয় চেম্বার বিচারপতি স্থিতিবস্থার আদেশ প্রদান করেন এবং মাননীয় আপিল বিভাগের পূর্ণাঙ্গ বৈধ মাননীয় চেম্বার বিচারপতির স্থিতিবস্থার আদেশ বহাল রেখে সিপি নং ৪০৮৩/২০১৮ নিষ্পত্তি করেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড গভার্ণিং বডির সভাপতি পদের কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাটকে এবং মাদ্রাসার স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ও রিট পিটিশন নং ১১৪৯৪/২০১৮ ত্বরিত নিষ্পত্তির জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মাসুম বিল্লাহকে সূত্রোক্ত ৩ নং স্মারকের মাধ্যমে পত্র প্রেরণ করে।

তৎপরবর্তীতে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ মো: ফারুক আহমদ খান এর গত ২৭/১২/২০১৮ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ৪ নং স্মারকে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়। শুনানীতে অংশ গ্রহণ পূর্বক স্ব-স্ব দাবির পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মাসুম বিল্লাহকে সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: ফারুক আহমদ খান এর নিকট পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে মাদ্রাসার প্রশাসনিক দায়িত্ব বুঝিয়ে দেওয়ার জন্য সূত্রোক্ত ৫ নং স্মারকে পত্র প্রেরণ করে।

বর্ণিত অবস্থায় মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক সিপি নং ৪০৮৩/২০১৮ এ প্রদত্ত আদেশ মোতাবেক রিট পিটিশন নং ১১৪৯৪/২০১৮ এ বিচারাধীন রুল নিষ্পত্তি কালতক স্থিতিবস্থার আদেশের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক জারীকৃত সূত্রোক্ত ৩ নং স্মারক মোতাবেক গভার্ণিং বডির সভাপতি পদের কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট এর মাধ্যমে সম্পন্ন হবে মর্মে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: মাসুম বিল্লাহকে জানিয়ে দেওয়া হয় বিধায় গভার্ণিং বডি চালু করার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের অপব্যাখ্যা করে বোর্ডে আবেদন করায় ভবিষ্যতে এ ধরনের কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: ফারুক আহমদ খানকে সতর্ক করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৭/৬/

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

অধ্যক্ষ,

সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা, সোনাতলা, শরণখোলা, বাগেরহাট

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১১৩/

০৭/৬/

তারিখ: ২৭.০১.২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, বাগেরহাট;
২. উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা, বাগেরহাট;
৩. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট;
৪. সভাপতি, সোনাতলা ইসলামিয়া আলিম মাদ্রাসা, সোনাতলা, শরণখোলা, বাগেরহাট;
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য);
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

২৭/১/২০২০

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪